গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
অডিট ও সমন্বয় অধিশাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০১০.০৬.০৪৮.১৮- ১২৯

তারিখঃ ০৬ জ্যৈষ্ঠ ১৪২৬ / ২০ মে ২০১৯

বিষয়ঃ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের এপ্রিল/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ১৫ মে ২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের এপ্রিল/২০১৯ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো। সভার কার্যবিবরণীতে বর্নিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ চিঠি পত্রের পেন্ডিং লিষ্ট আগামী ১০/০৬/২০১৯খ্রি. তারিখের মধ্যে এ বিভাগের অডিট ও সমন্বয় অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

২০।৫।১৯
শেখ মুর্শিদুল ইসলাম
উপসচিব
ফোন: ৫৫০০৭৩৮০

বিতরণ: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন/ উন্নয়ন /তথ্য ব্যবস্থাপনা),পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৩। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৪। যুগ্ম সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৫। পরিচালক (সকল),বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৬। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৭। প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
০৯। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা
১০। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। পরিসংখ্যান কর্মকর্তা (আইন শাখা), এফএ এন্ড এমআইএস, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি:

০১। মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
অডিট ও সমন্বয় অধিশাখা
www.sid.gov.bd

## পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের এপ্রিল/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভার তারিখ : ১৫-০৫-২০১৯ খ্রিঃ
সময় : সকাল ১০.৩০ ঘটিকা
স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-বি)
সভাপতি : জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্ত্তী
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট "ক" সংযুক্ত

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে পবিত্র রমজানের শুভেচ্ছা জানান। অত:পর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়) জনাব মোঃ তরিকুল আলম আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। গত মার্চ/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী-তে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধানে |
|---|---|---|---|---|
| ১. | **বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ চূড়ান্তকরণ:**<br>**"বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯"** এর বিষয়ে প্রস্তুতকৃত খসড়া তফসিলের নির্ধারিত স্থানে সংশোধনপূর্বক ভেটিং রিভিউ করে নতুন প্রজ্ঞাপন জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১৮/০৪/২০১৯ তারিখে মূল নথিটি সিনিয়র সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ বরাবর প্রেরণ করা হয়। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক নিরীক্ষান্তে কিছু সংশোধনীসহ বিধিমালাটির একটি নিরীক্ষিত খসড়া গত ০৮/০৫/২০১৯ তারিখে এ বিভাগে প্রেরণ করা হয়েছে। উক্ত নিরীক্ষিত খসড়াটি জারী ও মুদ্রণের জন্য ১৪-০৫-২০১৯ খ্রি. তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। | **বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯** (খসড়া)-এর বিষয়ে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ থেকে Vetting সহ মূল নথি ফেরৎ পাওয়ায় সংশ্লিষ্ট সকলকে সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। উক্ত নিয়োগ বিধিমালা জারী ও মুদ্রণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণ লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে যোগাযোগ অব্যাহত রাখবেন। | উপসচিব (প্রশাসন-৩) SID | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID, এবং মহাপরিচালক, বিবিএস |
| ২. | **বিবিএস এর ২য় পর্যায়ের অর্গানোগ্রাম প্রণয়ন:**<br>বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ২য় পর্যায়ের অর্গানোগ্রাম চূড়ান্তকরণের লক্ষ্যে প্রস্তাব সংশোধনপূর্বক পুনরায় এ বিভাগে প্রেরণের জন্য মহাপরিচালক, বিবিএস বরাবর ০৩/০২/২০১৯ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। পূর্ণাঙ্গ প্রস্তাব সঠিকভাবে পাওয়া গেলে অনতিবিলম্বে তা জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো জরুরীভিত্তিতে প্রস্তাবিত অর্গানোগ্রাম পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করবেন। | উপসচিব (প্রশাসন-৩), SID এবং পরিচালক, এফএ এন্ড এমআইএস, বিবিএস | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID, এবং মহাপরিচালক, বিবিএস |

<table>
<tr>
<td>৩.</td>
<td>মানব সম্পদ উন্নয়ন/ প্রশিক্ষণ:<br>SSTI, কর্তৃক গত এপ্রিল/২০১৯ মাসে ৪টি কোর্সে বিবিএস-এর মোট ১০৮ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাছাড়া, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক গ্রেড ২০ থেকে ৪র্থ গ্রেড পর্যন্ত কর্মচারীদের Refresh The Memory and Skill Development শীর্ষক প্রশিক্ষণ কক্সবাজারে নিম্নের সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হয়েছে।<br>১ম ব্যাচ: (গ্রেড ১০ থেকে ৪র্থ) ৫ ও ৬ এপ্রিল/২০১৯<br>২য় ব্যাচ: (গ্রেড ১০ থেকে ৪র্থ) ১৯ ও ২০ এপ্রিল/২০১৯<br>৩য় ব্যাচ: (গ্রেড ২০ থেকে ১১) ২৬ ও ২৭ এপ্রিল/২০১৯<br>৪র্থ ব্যাচ: (গ্রেড ২০ থেকে ১১) ৩ ও ৪ মে/২০১৯</td>
<td>পরিচালক, SSTI প্রশিক্ষণ কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখবেন। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর কর্মকর্তাদের মামলা/আইন সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করবেন।</td>
<td>যুগ্মসচিব (প্রশাসন), SID ও পরিচালক, SSTI বিবিএস</td>
<td>অতিরিক্ত সচিব (প্রশাসন), SID, এবং মহাপরিচালক, বিবিএস</td>
</tr>
<tr>
<td>৪.</td>
<td>পরিসংখ্যান ভবন এবং মাঠ পর্যায়ের কার্যালয়ের নিরাপত্তা ও পরিষ্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত:<br>(ক) জরুরী নির্গমন সিড়িঁসমূহ পরিষ্কার ও আলোর ব্যবস্থা করা হয়েছে। সকল উইং-এ দরজা খোলা রাখা ও পরিষ্কার রাখার বিষয়ে পত্র প্রদান করা হয়েছে, এ বিষয়ে ব্যক্তিগতভাবেও যোগাযোগ অব্যাহত রয়েছে।<br><br>(খ) অগ্নিনির্বাপক যন্ত্রসমূহ পরীক্ষার জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কে ডিও লেটার প্রদান করা হয়েছে এবং টেলিফোনে যোগাযোগ করা হচ্ছে।<br><br>(গ) প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।</td>
<td>Fire Hydrant-গুলি সচল করতে হবে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এর Wash room গুলি পরিষ্কার-পরিচ্ছন্নতা Monitoring করার নিমিত্ত ১১ তলার এ-ব্লকের জন্য জনাব সৌমিত্র কুমার পাল, সহকারী সচিব এবং বি-ব্লকের জন্য জনাব মোঃ আনোয়ার হোসেন, সিনিয়র সহকারী সচিব-কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ করা হলো।</td>
<td>যুগ্মসচিব (প্রশাসন), SID এবং পরিচালক (FA & MIS) BBS</td>
<td>অতিরিক্ত সচিব (প্রশাসন), SID, এবং মহাপরিচালক, বিবিএস</td>
</tr>
<tr>
<td>৫.</td>
<td>ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত:<br><br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ই-ফাইলিং কার্যক্রম সন্তোষজনক। মার্চ/২০১৯ মাস শেষে মন্ত্রণালয়/বিভাগের মধ্যে-<br>
<table>
<tr><td>ক্রম</td><td>মার্চ/১৯</td><td>ফেব্রুয়ারি/১৯</td></tr>
<tr><td>১</td><td>SID- ২৬ তম।</td><td>২৮ তম</td></tr>
<tr><td>২</td><td>BBS- ৩২ তম।</td><td>৩৯ তম</td></tr>
</table></td>
<td>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-কে এ বিষযে আরো ভাল করতে হবে। প্রাথমিক ভাবে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এর উন্নয়ন-৩ অধিশাখা, প্রশাসন-২ শাখা, প্রশাসন-৩ অধিশাখা এবং আইসিটি সেলের সকল চিঠিপত্র ই-ফাইলিং-এর মাধ্যমে নিষ্পত্তি করবেন।</td>
<td>১। যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), SID<br>২। পরিচালক (MIS), BBS<br>৩। পরিচালক (Computer), BBS</td>
<td>অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), SID, এবং মহাপরিচালক, BBS</td>
</tr>
<tr>
<td>৬.</td>
<td>অডিট আপত্তি সংক্রান্ত:<br>অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে বিভিন্ন প্রকল্পের প্রকল্প পরিচালক/উপ-প্রকল্প পরিচালক-এর সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। অডিট আপত্তি নিষ্পত্তির জন্য কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে ২টি এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে ৪১টি অডিট আপত্তি নিষ্পত্তির প্রক্রিয়াধীন রয়েছে।</td>
<td>অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে তৎপর হতে হবে। জনাব মোঃ শহীদুজ্জামান, উপসচিব (পরিকল্পনা অধিশাখা) অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে সহযোগীতা করবেন।</td>
<td>(১) উপসচিব (অডিট ও সমন্বয়), SID<br>(২) উপসচিব (পরিকল্পনা অধিশাখা), SID<br>৩। পরিচালক, (FA & MIS), BBS</td>
<td>১। অতিরিক্ত সচিব (প্রশাসন), SID<br><br>২।মহাপরিচালক, বিবিএস</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | **অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (Grievance Redress System-GRS) সংক্রান্ত কার্যক্রম:**<br>গত ১৭ ও ১৮ এপ্রিল/২০১৯ তারিখে SID-এর কর্মকর্তাদের এ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অভিযোগ পাওয়া মাত্রই নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন online-এ পূরণ করা হয়ে থাকে। | অভিযোগ পাওয়া মাত্র নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়), SID | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID |
| ৮. | **মামলা সংক্রান্ত:**<br>আইন কর্মকর্তা মামলার বিষয়ে নিয়মিত যোগাযোগ রাখছেন। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর চলমান মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে মহাপরিচালক, বিবিএস প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>মহাপরিচালক, বিবিএস পিটিশন নং ২৩০২/২০১৩ এর ১২/০৭/২০১৬ তারিখের আদেশ মতে পিটিশনার জনাব মোঃ মজিবর রহমান-এর পুন:শুনানী গ্রহণের ব্যবস্থা করবেন। | ১। সিনিয়র সহকারী সচিব (আইন শাখা), SID<br>২। আইন কর্মকর্তা, BBS | ১। মহাপরিচালক BBS<br>২। যুগ্মসচিব (প্রশাসন), SID |
| ৯. | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA) সংক্রান্ত:**<br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৩য় ত্রৈমাসিক মূল্যায়ন প্রতিবেদন গত ১৫ এপ্রিল ২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>গত ১২ মে ২০১৯ তারিখে ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া চূড়ান্তকরণ করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং ১০ জুন ২০১৯ তারিখের মধ্যে চূড়ান্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী উদযাপন সংক্রান্ত এবং Social Safetynet বিষয়ে একটি করে কার্যসম্পাদন সূচক আগামীতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভূক্ত করতে হবে। | উপসচিব (এসডিজি) SID | অতিরিক্ত সচিব (প্রশাসন) SID এবং মহাপরিচালক BBS |
| ১০. | **শুদ্ধাচার কৌশল:**<br>শুদ্ধাচার চর্চা অব্যাহত রয়েছে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর ২০১৮-১৯ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো-এর ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন গত ০৮/০৪/২০১৯ তারিখে স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করা হয়েছে এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকতে হবে। শুদ্ধাচার চর্চা অব্যাহত রাখতে হবে। | যুগ্মসচিব (বাজট, অডিট ও সমন্বয়), SID | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | **নাগরিক সেবার উদ্ভাবন/সেবা-পদ্ধতি সহজিকরণ/ ই-সেবা প্রবর্তন:**<br>গত ৩১/০১/২০১৯ খ্রি. তারিখে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯-এর বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। সিস্টেম এনালিস্ট জানান যে, তাৎক্ষণিক নোটিফিকেশন সিস্টেম নামক একটি ই-সেবা প্রবর্তন করা হয়েছে যার মাধ্যমে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর সদর দপ্তর ও মাঠপর্যায়ের সকল অফিসারদের-কে বিভিন্ন অফিসিয়াল বার্তা বা নোটিফিকেশন দ্রুততম সময়ে পাঠানো যাবে। | জরুরী ভিত্তিতে নাগরিক সেবার উদ্ভাবন,সেবা-পদ্ধতি সহজিকরণ, ই-সেবা প্রবর্তন সংক্রান্ত Pending সকল প্রশিক্ষণ/ সিমিনার/ ওয়ার্কশপের আয়োজন করতে হবে। | সিনিয়র সহকারী সচিব (তথ্য ব্যবস্থাপনা-১), SID | ১। অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), SID,<br>২। মহাপরিচালক, BBS |
| ১২. | **যানবাহন সংক্রান্ত:**<br>সকল গাড়ীর কাগজপত্র হালনাগাদকরণ এবং সকল গাড়ী সচল রাখার কার্যক্রম চলমান রয়েছে। | সকল গাড়ীর কাগজপত্র দ্রুত হালনাগাদ করতে হবে। সকল গাড়ী সচল রাখতে হবে। | উপ-মহাপরিচালক, বিবিএস<br>ও<br>যুগ্মসচিব (প্রশাসন) SID<br>ও<br>পরিচালক (FA & MIS), BBS | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID<br>ও<br>মহাপরিচালক, BBS |
| ১৩. | **পরিচালক/ যুগ্মপরিচালক/ উপ-পরিচালক ও অন্যান্য পদে পদোন্নতিঃ**<br>বিভাগীয় পদোন্নতি কমিটি (DPC) নিয়মিত সভা করছে। পদোন্নতি যোগ্য কর্মকর্তার কাঙ্খিত পদ শূন্য না থাকায় এবং পদোন্নতির মাধ্যমে পূরনকৃত শূন্য পদে যোগ্য কর্মকর্তা না থাকায় গত মাসে কোন কর্মকর্তাকে পদোন্নতির জন্য সুপারিশ করা হয় নাই। | পদশূন্য এবং পদোন্নতিযোগ্য কর্মকর্তা থাকলে বিভাগীয় পদোন্নতি কমিটির সভা (DPC) নিয়মিত করতে হবে। | ১। উপসচিব (প্রশাসন-১), SID<br>২। পরিচালক (FA & MIS) BBS | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), SID,<br>২। মহাপরিচালক BBS |
| ১৪. | **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস এর পেন্ডিং লিস্ট:**<br>চিঠি পত্র নিষ্পত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে নির্ধারিত ছকে পেন্ডিং লিস্ট এ বিভাগের অডিট ও সমন্বয় অধিশাখায় প্রেরণ করতে হবে। পেন্ডিং চিঠি পত্র দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br><br>মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো জরুরী ভিত্তিতে জনাব মোঃ আজিজুর রহমান SI, Agriculture Wing-এর পেনশন, লাম্পগ্রান্ট প্রদানের বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | যুগ্মসচিব (প্রশাসন) SID | অতিরিক্ত সচিব (প্রশাসন) SID |

# বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধানে |
|---|---|---|---|---|
| ১ | **বিবিএস এর ৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগ:**<br><br>ক) রিট পিটিশন ১৪৮৫৭/১৭ নং মামলার আদেশের কপি পাওয়া গেলে তা বিজ্ঞ আদালতে প্রেরণ করা হবে।<br><br>খ) সিনিয়র সহকরী সচিব, SID এবং আইন কর্মকর্তা, BBS AT মামলা নং ৩৩১/১৮ এবং AT মামলা নং ১/১৯ নিষ্পত্তির বিষয়ে নিয়মিত যোগাযোগ রাখছেন। | ক) রিট পিটিশন ১৪৮৫৭/১৭ এর আপিল দায়েরের বিষয়ে বিজ্ঞ এটর্নী জেনারেল মহোদয়ের দপ্তর হতে আইনগত মতামত গ্রহণ করতে হবে।<br><br>খ) মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। পরিচালক (FA & MIS) BBS<br>২। সিনিয়র সহকারী সচিব (আইন শাখা), SID<br>৩। আইন কর্মকর্তা, BBS | মহাপরিচালক, বিবিএস<br>ও<br>যুগ্মসচিব (প্রশাসন), SID |
| ২ | **আউটসোর্সিং এর মাধ্যমে ড্রাইভার , অফিস সহায়ক, চেইনম্যান, নিরাপত্তা প্রহরী এবং অন্যান্য পদে নিয়োগঃ**<br><br>নিয়োগ কার্যক্রমের সার্বিক প্রস্তুতি চলছে। আউটসোর্সিং কোম্পানীর সাথে নিয়মিত যোগাযোগ করা হচ্ছে। | আউটসোর্সিং এর মাধ্যমে ড্রাইভার , অফিস সহায়ক, চেইনম্যান, নিরাপত্তা প্রহরী এবং অন্যান্য পদে নিয়োগ কার্যক্রম অতি সত্বর সম্পন্ন করতে হবে। | ক) পরিচালক, কম্পিউটার উইং<br>ও<br>প্রোগ্রামার, SID | ক) অতিরিক্ত সচিব (প্রশাসন), SID<br>ও<br>মহাপরিচালক, বিবিএস |
| ৩ | **বিবিধঃ**<br><br>ক) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ অব্যাহত রয়েছে। | (ক) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ অব্যাহত রাখতে হবে। | ক) পরিচালক, কম্পিউটার উইং<br>ও<br>প্রোগ্রামার, SID | ক) অতিরিক্ত সচিব (প্রশাসন), SID<br>ও<br>মহাপরিচালক, বিবিএস |
| | খ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর সম্মেলন কক্ষে LCD মনিটর স্থাপন বিষয়ে গঠিত কমিটি কর্তৃক ৩১/০৩/২০১৯ খ্রি. তারিখে পরিচালক, FA & MIS, BBS-এর নিকট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। | খ) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো জরুরী ভিত্তিতে LCD মনিটর স্থাপন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | পরিচালক (FA & MIS) BBS<br>এবং<br>প্রোগ্রামার, SID | মহাপরিচালক, বিবিএস |
| | গ) বাংলাদেশের সকল মন্ত্রণালয়/ বিভাগ-এ বিদ্যমান 'পরিকল্পনা উইং/অধিশাখা'-কে পুনঃনামকরণপূর্বক 'পরিকল্পনা ও পরিসংখ্যান উইং/অধিশাখা' হিসেবে নামকরণের পাশাপাশি বিসিএস পরিসংখ্যান ক্যাডারের ৬ষ্ঠ গ্রেডের ১৭টি 'উপপরিচালক' এবং বিসিএস পরিসংখ্যান ক্যাডারের ৯ম গ্রেডের ৪১টি 'পরিসংখ্যান কর্মকর্তা' এর মোট ৫৮(আটান্ন)টি পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ১২/০৩/২০১৯ তারিখের ৪৭ নং স্মারকে কিছু তথ্য চেয়ে এ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। সে প্রেক্ষিতে উক্ত তথ্যাদি এ বিভাগে প্রেরণের জন্য গত ২০/০৩/২০১৯ তারিখের ৫১ নং স্মারকে বিবিএস বরাবর পত্র প্রেরণ করা হয়। বিবিএস হতে উক্ত তথ্যাদি পাওয়ার পর গত ৩০/০৪/২০১৯ তারিখে ৭৮ নং স্মারকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | গ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে এ বিষয়ে যোগাযোগ করার জন্য মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো একজন উপপরিচালক/পরিসংখ্যান কর্মকর্তা কে মনোনয়ন দিবেন। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে এ বিষয়ে সার্বক্ষণিক যোগাযোগ রাখবেন এবং সভাকে অবহিত করবেন। | ১। যুগ্ম-সচিব (প্রশাসন) SID<br>ও<br>২। উপ-সচিব (প্রশাসন-৩) SID<br>এবং<br>৩। পরিচালক (FA & MIS) BBS | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID<br>এবং<br>মহাপরিচালক, বিবিএস |

| | | | | |
|---|---|---|---|---|
| | ঘ) বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার-২০১৮:<br>বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার-২০১৮-তে বর্ণিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা রয়েছে:<br>ক) মাসিক সমন্বয় সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কৌশল, সেবা-পদ্ধতি সহজিকরণ, নাগরিক-সেবায় উদ্ভাবন, ই-নথির ব্যবহার, ই-সেবা প্রবর্তন, অভিযোগ নিষ্পত্তি এবং তথ্য-বাতায়নসমূহ হালনাগাদকরণ আলোচ্যসূচিভুক্ত করা;<br>খ) উক্ত কার্যক্রমসমূহ বাস্তবানের জন্য প্রয়েজনীয় অর্থের সংস্থান রাখা;<br>গ) উদ্ভাবন উদ্যোগসমূহের পাইলটিং কার্যক্রম বাস্তবায়ন, সম্প্রসারণ এবং পরিবীক্ষণ তত্ত্বাবধান;<br>ঘ) উল্লিখিত কার্যক্রমসমূহ সমন্বিতভাবে বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/বিভাগের একটি শাখাকে দায়িত্ব প্রদান বা একটি নতুন শাখা সৃজনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ; এবং<br>ঙ) উল্লিখিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের সঙ্গে সম্পৃক্ত টিমকে নিয়মিত পরামর্শ প্রদান। | বর্ণিত পদক্ষেপগুলি মনিটরিং করার জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো:<br>১। অতিরিক্ত সচিব (প্রশাসন), SID------আহ্বায়ক<br>২। যুগ্মসচিব (সকল), SID-------------- সদস্য<br>৩। উপসচিব (সকল), SID---------------সদস্য<br>৪। উপসচিব (অডিট ও সমন্বয়), SID-সদস্য সচিব | ১। যুগ্ম-সচিব (বাজেট, অডিট ও সমন্বয়) SID | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID এবং মহাপরিচালক, বিবিএস |

সভাপতি তাঁর সমাপনী বক্তব্যে এ বিভাগের কর্মকর্তাদের আরো আন্তরিকভাবে দায়িত্ব পালনের আহ্বান জানিয়ে নিম্নরুপ নির্দেশনা/ পরামর্শ প্রদান করেনঃ

ক) আগামী ১৯-০৫-২০১৯ খ্রি. তারিখে পরিসংখ্যান ভবনে কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ)) শুমারি-২০১৮ প্রকল্পের বিভাগীয়/ জেলা শুমারি, সমন্বয়কারীদের প্রশিক্ষণে মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম.এ. মান্নান, এমপি মহোদয় উপস্থিত থেকে উক্ত প্রশিক্ষণের শুভ উদ্বোধন ঘোষণা করবেন মর্মে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। বর্ণিত উদ্বোধনী অনুষ্ঠানে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর সকল কর্মকর্তা/কর্মচারীকে যথাসময়ে উপস্থিতিসহ অনুষ্ঠানটি সফলভাবে সম্পন্নের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

খ) গত ১৩/০৫/২০১৯ তারিখে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উদযাপনের জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। ১৫/০৫/২০১৯ তারিখে এ বিভাগের কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক বরাবর প্রেরণ করা হয়েছে। তাছাড়া, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উদযাপনের জন্য এ বিভাগের সচিব মহোদয়কে সভাপতি করে একটি জন্মশতবার্ষিকী উদযাপন কমিটি এবং অতিরিক্ত সচিব (প্রশাসন)-কে আহ্বায়ক করে একটি জন্মশতবার্ষিকী বাস্তবায়ন কমিটি গঠন করা হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উদযাপন-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে এ বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন)-কে নিয়োগ দেওয়া হয়েছে। সভাপতি মহোদয় বর্ণিত সকল কমিটি এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সার্বিক সহযোগিতা করার জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর সকল কর্মকর্তা/কর্মচারীকে অনুরোধ জানান।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও পবিত্র ঈদুল ফিতরের অগ্রীম শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সৌরেন্দ্র নাথ চক্রবর্তী
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।